রাজ্যের জনসাধারণ তাঁকে মুক্তিদাতা রূপে গ্রহণ করতে অস্বীকার করে। ফলে তাঁর সাম্রাজ্যের মূল বুনিয়াদই ভেঙে পড়ে। স্বাধীনতা, সাম্য ও মৈত্রীর নীতি তাঁরই বিরুদ্ধে প্রযুক্ত হয়। ইউরোপের রাজন্যবর্গের সৈন্যবাহিনীকে বারবার পরাজিত করতে সক্ষম হলেও জাতীয়তাবোধে উদ্বুদ্ধ বাহিনীই তাঁর পরাজয়ের কারণ হয়ে দাঁড়ায়।

## সংক্ষিপ্ত প্রশ্নোত্তর

### প্রশ্নের মান—১

**প্রশ্ন ১। "কন্‌সুলেট" নামে এক নতুন শাসন কে প্রবর্তন করেন?**

**উত্তর।** নেপোলিয়ন সিয়েস, ব্যারাস প্রভৃতি ডাইরেক্টরদের প্ররোচনায় ও সহায়তায় ডাইরেক্টরদের পদচ্যুত করে "কন্‌সুলেট" নামে এক নতুন শাসন প্রবর্তন করেন।

**প্রশ্ন ২। অষ্টম সালের সংবিধান কাকে বলে?**

**উত্তর।** এ্যাবেসিয়েস-এর নেতৃত্বে একটি নতুন সংবিধান রচিত হয় ফ্রান্সে। এটি "অষ্টম সালের সংবিধান" (Constitution of the Year VIII) নামে অভিহিত।

**প্রশ্ন ৩। ক্যাম্পে ফোরমিওর সন্ধি (১৭৯৭) কাদের মধ্যে স্বাক্ষরিত হয়েছিল?**

**উত্তর।** ফরাসী সেনানায়ক নেপোলিয়ন বোনাপার্টের সাথে অস্ট্রিয়ার এই সন্ধি হয়েছিল।

**প্রশ্ন ৪। নীলনদের যুদ্ধ কবে হয়েছিল?**

**উত্তর।** ১৭৯৮ সালে হয়েছিল।

**প্রশ্ন ৫। নীলনদের যুদ্ধে ইংল্যান্ডের সেনাপতি কে ছিলেন?**

**উত্তর।** নেলসন।

**প্রশ্ন ৬। নেপোলিয়ন বোনাপার্ট কিভাবে ফ্রান্সের ক্ষমতা দখল করেন?**

**উত্তর।** নেপোলিয়ন এক সামরিক অভ্যুত্থান দ্বারা ডাইরেক্টরীকে ক্ষমতাচ্যুত করে ক্ষমতা দখল করেন (১৭৯৯)।

**প্রশ্ন ৭। নেপোলিয়ন সামরিক অভ্যুত্থানের কালে কোন্ ডাইরেক্টরকে সাথী করেছিলেন?**

**উত্তর।** ডাইরেক্টর অ্যাবিসিয়েস।

**প্রশ্ন ৮। ফ্রান্সে কন্‌স্যুলেটের শাসন কবে প্রতিষ্ঠিত হয়?**

**উত্তর।** ১৭৯৯ সালের নভেম্বর মাসে।

**প্রশ্ন ৯। কন্‌সুলেট শাসন ব্যবস্থায় কয়জন কন্‌সাল ছিলেন?**

**উত্তর।** তিন জন।

**প্রশ্ন ১০। কন্‌সুলেট শাসনে প্রথম কন্‌সাল ছিলেন কে?**

**উত্তর।** নেপোলিয়ন।

Scanned with CamS

**প্রশ্ন ১১। কন্‌সুলেট শাসনে আইন পরিষদের কয়টি কক্ষ ছিল?**

উত্তর। চারটি।

**প্রশ্ন ১২। কন্‌সুলেট সংবিধান কি নামে পরিচিত ছিল?**

উত্তর। অষ্টম বছরের সংবিধান।

**প্রশ্ন ১৩। কন্‌সুলেট-এর আইন পরিষদের চারটি কক্ষের নাম কি?**

উত্তর। কাউন্সিল অব স্টেট, সিনেট, ট্রাইবুনেট ও লেজিসলেটিভ বডি।

**প্রশ্ন ১৪। অ্যামিয়েন্সের সন্ধি কবে, কাদের মধ্যে হয়েছিল?**

উত্তর। ১৮০২ সালে ইংল্যান্ড ও ফ্রান্সের মধ্যে।

**প্রশ্ন ১৫। "ফরাসী জাতির কাম্য সমতা, স্বাধীনতা নহে"—কে বলেছেন?**

উত্তর। নেপোলিয়ন।

**প্রশ্ন ১৬। নেপোলিয়ন কত সালে ধর্ম-মীমাংসা চুক্তি স্বাক্ষর করেন?**

উত্তর। ১৮০১ সালে পোপের সাথে।

**প্রশ্ন ১৭। কন্‌রডাট ১৮০২ কি?**

উত্তর। নেপোলিয়ন খ্রীষ্টান ধর্মগুরু পোপের সাথে ১৮০২ সালে ধর্ম বিষয়ে একটি আপোষমূলক চুক্তি স্বাক্ষর করেন। এটিই কন্‌রডাট নামে খ্যাত।

**প্রশ্ন ১৮। কোড্ নেপোলিয়ন কি?**

উত্তর। নেপোলিয়নের উদ্যোগে ফ্রান্সে প্রচলিত বিভিন্ন আইনকে বিধিবদ্ধ করে যে আইন-সংহতি রচিত হয়েছিল, তা কোড্ নেপোলিয়ন নামে খ্যাত।

**প্রশ্ন ১৯। ট্রাফালগারের নৌ-যুদ্ধ কবে এবং কাদের মধ্যে হয়েছিল?**

উত্তর। ১৮০৫ সালে ইংল্যান্ড ও ফ্রান্সের মধ্যে হয়েছিল।

**প্রশ্ন ২০। কোন যুদ্ধ "ত্রি-সম্রাটের যুদ্ধ" নামে খ্যাত এবং কেন?**

উত্তর। অস্টারলিজের যুদ্ধে (১৮০৫) অস্ট্রিয়া, রাশিয়া ও ফ্রান্সের সম্রাটদ্বয় ছিলেন বলে এই যুদ্ধ "ত্রি-সম্রাটের যুদ্ধ" নামে অভিহিত হয়।

**প্রশ্ন ২১। "টিলজিট-এর সন্ধি" কবে কাদের মধ্যে হয়েছিল?**

উত্তর। ১৮০৭ সালে নেপোলিয়নের সাথে রুশ জার প্রথম আলেকজান্ডারের মধ্যে।

**প্রশ্ন ২২। নেপোলিয়ন কোন দেশের বিরুদ্ধে "মহাদেশীয় অবরোধ" ঘোষণা করেন?**

উত্তর। ইংল্যান্ডের বিরুদ্ধে।

**প্রশ্ন ২৩। "মহাদেশীয় অবরোধ" কার্যকর করতে নেপোলিয়ন কি কি ডিক্রী জারী করেন?**

উত্তর। বার্লিন ডিক্রী (১৮০৬), মিলান ডিক্রী, ওয়ারশ ডিক্রী (১৮০৭), ফন্টেনব্লু ডিক্রী (১৮১০)।

Scanned with CamS

প্রশ্ন ২৪। অর্ডারস-ইন্-কাউন্সিল (১৮০৭) কোন দেশ জারী করে?
উত্তর। ইংল্যান্ড ঘোষণা করে ফ্রান্সের বিরুদ্ধে।
প্রশ্ন ২৫। নেপোলিয়ন জোরপূর্বক কাকে স্পেনের সিংহাসনে বসিয়েছিলেন?
উত্তর। নেপোলিয়ন নিজ ভ্রাতা জোসেফ্ বোনাপার্টকে (১৮০৪ সালে)।
প্রশ্ন ২৬। "পেনিনসুলার যুদ্ধ" কবে সংঘটিত হয়?
উত্তর। ১৮০৮ সালে।
প্রশ্ন ২৭। নেপোলিয়ন কত সালে রাশিয়া আক্রমণ করেন? তাঁর বাহিনী কি নামে খ্যাত?
উত্তর। ১৮১২ সালে, গ্র্যান্ড আর্মি।
প্রশ্ন ২৮। কারা নেপোলিয়নকে "বিপ্লবের তরবারি" বলে অভিহিত করেছেন?
উত্তর। নেপোলিয়নের গুণগ্রাহীগণ।
প্রশ্ন ২৯। অনেকে কাকে "Trgant of Europe" বলে অভিহিত করেছেন?
উত্তর। নেপোলিয়নকে।
প্রশ্ন ৩০। এরফর্ট-এর সন্ধি কবে কাদের মধ্যে হয়?
উত্তর। নেপোলিয়ন ও আলেকজান্ডারের মধ্যে ১৮০৮ খ্রীঃ হয়।
প্রশ্ন ৩১। কোন যুদ্ধে নেপোলিয়নের সর্বপ্রথম পরাজয় ঘটে?
উত্তর। আসপার্নের যুদ্ধে (১৮০৯ সালে)।
প্রশ্ন ৩২। কালিশ-এর সন্ধি কবে কাদের মধ্যে সাক্ষরিত হয়?
উত্তর। ১৮১৩ খ্রীঃ রাশিয়া ও প্রাশিয়ার মধ্যে ফ্রান্সের বিরুদ্ধে স্বাক্ষরিত হয়।
প্রশ্ন ৩৩। প্লাসতিজের যুদ্ধ বিরতি চুক্তি কত সালে স্বাক্ষরিত হয়?
উত্তর। ১৮১৩ সালে।
প্রশ্ন ৩৪। Battle of the Nations কেন বলা হয়?
উত্তর। ইউরোপের বিভিন্ন রাষ্ট্র নেপোলিয়নের বিরুদ্ধে সংগ্রামে অবতীর্ণ হয়েছিল বলে।
প্রশ্ন ৩৫। শোমোঁর সন্ধি কত সালে হয়?
উত্তর। ১৮১৪ খ্রীঃ (মিত্রপক্ষের মধ্যে)।
প্রশ্ন ৩৬। ফন্টেনব্লু সন্ধি কত সালে হয়?
উত্তর। ১৮১৪ সালে ৬ই এপ্রিল।
প্রশ্ন ৩৭। "জতিপুঞ্জের যুদ্ধ" কবে শুরু হয়েছিল?
উত্তর। ১৮১৩ সালে।
প্রশ্ন ৩৮। "জাতিপুঞ্জের যুদ্ধে" কোন্ কোন্ দেশ ফ্রান্সের বিরুদ্ধে জোটবদ্ধ হয়েছিল?
উত্তর। রাশিয়া, প্রাশিয়া, অস্ট্রিয়া, ইংল্যান্ড, ইতালী প্রভৃতি দেশ জোটবদ্ধ হয়েছিল।

Scanned with CamS

প্রশ্ন ৩৯। লিপজিগের যুদ্ধে পরাজিত হবার পর নেপোলিয়নকে কোথায় নির্বাসিত করা হয়?

উত্তর। সেন্ট এলবা দ্বীপে।

প্রশ্ন ৪০। Lettereos de Cachet কি?

উত্তর। ১৮১০ সালে এক নির্দেশের বলে কুখ্যাত গ্রেপ্তারী পরোয়ানা।

প্রশ্ন ৪১। স্পেনের যুদ্ধে নেপোলিয়ন কোন্ সেনানায়ককে দায়িত্ব দেন?

উত্তর। মেসেনাকে।

প্রশ্ন ৪২। কোন চুক্তিকে কারা "শয়তানের সঙ্গে চুক্তি" বলে ধিক্কার জানিয়েছিলেন?

উত্তর। টিলজিটের চুক্তিকে, রাশিয়ার অভিজাতরা।

প্রশ্ন ৪৩। নেপোলিয়নের মস্কো অভিযানের সময় রাশিয়ার সেনাপতি কে ছিলেন?

উত্তর। কুটজভ।

প্রশ্ন ৪৪। নেপোলিয়নের মস্কো অভিযানের সময় রুশবাহিনী নেপোলিয়নের বিরুদ্ধে কি নীতি গ্রহণ করেছিলেন?

উত্তর। পোড়ামাটির নীতি।

প্রশ্ন ৪৫। উলম্-এর যুদ্ধ কত সালে হয়?

উত্তর। ১৮০৫ সালে (নেপোলিয়নের সাথে অস্ট্রিয়ার)।

প্রশ্ন ৪৬। কোন চুক্তির মাধ্যমে "ইতালীর রাজা" হলেন নেপোলিয়ন?

উত্তর। প্রেসুবর্গের শান্তি চুক্তির মাধ্যমে।

প্রশ্ন ৪৭। নেপোলিয়ন কত সালে "ফরাসী জাতির সম্রাট" হন?

উত্তর। ১৮০৪ সালে।

প্রশ্ন ৪৮। কোড নেপোলিয়নে কোন বিষয়টিকে পাত্তা দেওয়া হয় নি?

উত্তর। নারীদের মর্যাদার বিষয়টিকে।

প্রশ্ন ৪৯। নেপোলিয়ন বিজ্ঞান শিক্ষা-শিক্ষণকে উৎসাহিত করেছিলেন যে প্রতিষ্ঠান স্থাপনের মাধ্যমে তার নাম কি?

উত্তর। একোল পলিটেকনিক গঠনের মাধ্যমে।

প্রশ্ন ৫০। অস্ট্রিয়ার সঙ্গে কোন্ যুদ্ধে নেপোলিয়নের সামরিক দুর্বলতা প্রকাশ পেয়েছিল?

উত্তর। ওয়াগ্রামের যুদ্ধে।

প্রশ্ন ৫১। কোন যুদ্ধকে জাতিপুঞ্জের যুদ্ধ বলা হয়?

উত্তর। লাইপজিগের যুদ্ধ।

প্রশ্ন ৫২। নেপোলিয়ন কর্তৃক স্থাপিত জার্মান রাষ্ট্রীয় সংঘের নাম কি?

উত্তর। কনফেডাশেন্ অব্ দ্য রাইন্।

Scanned with CamS